

এসএসসি পরীক্ষার তারিখ পরিবর্তনের আহ্বান পাহাড়ি ছাত্র পরিষদের

নিজস্ব প্রতিবেদক

১৬ ডিসেম্বর, ২০২৪
১৬:২৪

শেয়ার

অ +

অ -



চট্টগ্রামের জুম্ম জাতির প্রধান সামাজিক উৎসবের দিনগুলোতে এসএসসি পরীক্ষার তারিখ পরিবর্তন করে নতুন রুটিন প্রকাশের দাবি জানিয়েছে পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি)। তা ছাড়া সব শিক্ষাপ্রতিষ্ঠান ১২ থেকে ১৫ এপ্রিল পর্যন্ত পাঁচ দিন সরকারি ছুটি ঘোষণার দাবিতে স্মারকলিপি দিয়েছে সংগঠনটি।

রবিবার (১৫ ডিসেম্বর) রাঙ্গামাটি জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষা উপদেষ্টার কাছে স্মারকলিপিটি দেওয়া হয়। এসময় উপস্থিত ছিলেন পিসিপির কেন্দ্রীয় কমিটির সভাপতি নিপন ত্রিপুরা, সাধারণ সম্পাদক রুমন চাকমা ও জেলা শাখার সভাপতি জিকো চাকমাসহ কেন্দ্রীয় ও জেলা কমিটির নেতারা।

স্মারকলিপিতে বলা হয়, গত ১২ ডিসেম্বর ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার রুটিন প্রকাশ করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড। রুটিন অনুসারে ২০২৫ সালের ১৩ ও ১৫ এপ্রিল যথাক্রমে বাংলা ২য় পত্র ও ইংরেজি ১ম পত্র পরীক্ষা রাখা হয়েছে। এর মধ্যে ১৪ এপ্রিল বাংলা নববর্ষ উপলক্ষে একদিন সরকারি ছুটি রয়েছে। এসএসসি পরীক্ষার রুটিন প্রণয়নে বাংলা নববর্ষকে ছুটি হিসেবে বিবেচনা করা হলেও পার্বত্য চট্টগ্রামের জুম্ম জনগণের প্রধান সামাজিক উৎসব বিবু, বিষু, বৈসু, বিহু, সাংগ্রাই, চাংক্রান উৎসব ছুটির আওতায় আনা হয়নি।

স্মারকলিপিতে আরো বলা হয়, পার্বত্য চট্টগ্রামে বসবাসরত ভিন্ন ভাষাভাষী জুম্ম জাতিগুলোর প্রধান সামাজিক উৎসবটির উদ্দেশ্য ও চেতনা এক ও অভিন্ন। বর্ষবিদায় ও বরণসহ এ উৎসবের দিনে পরিবারের লোকজন সবাই একত্রিত হয় এবং সামাজিকভাবে পারস্পরিক সম্পর্ককে সুদৃঢ় করতে বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান পালন করে থাকে। এছাড়া বৈচিত্র্যময় সংস্কৃতির মাধ্যম হিসেবে জুম্ম জনগণের এ উৎসবের ঐতিহ্যগত ও আর্থ-সামাজিক গুরুত্ব অপরিসীম। স্মরণাতীত কাল থেকে উদযাপিত হয়ে আসা এই উৎসবটি জুম্ম জনগোষ্ঠীর জীবন-জীবিকা ও সামাজিক মিথস্ক্রিয়ার অংশ যা তাদের পারস্পরিক ঐক্যতান ও ভ্রাতৃত্ববোধকে একইসূত্রে গেঁথে রেখেছে।

এরই অংশ হিসেবে প্রতিবছর ১২ থেকে ১৬ এপ্রিল পর্যন্ত এ উৎসবাদি পালিত হয়ে থাকে।

স্মারকলিপিতে বলা হয়, পার্বত্য চট্টগ্রামের জুম্ম শিক্ষার্থীরা যেন তাদের প্রধান সামাজিক উৎসব পালন করতে পারে সেজন্য ১৩ ও ১৫ এপ্রিলের এসএসসি পরীক্ষার তারিখ পরিবর্তন করে নতুন রুটিন প্রকাশ এবং সব শিক্ষাপ্রতিষ্ঠানে ১২ থেকে ১৬ এপ্রিল পর্যন্ত মোট পাঁচ দিন সরকারি ছুটি ঘোষণা করার দাবি জানানো হয়।